

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 23.10.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ১) পূর্ব মধ্য বঙ্গোপসাগরে কেন্দ্রীভূত সামুদ্রিক ঘূর্ণিঝড় দানা আগামীকাল সকালে অতি প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড়ের রূপ নেবে। রাতেই শুরু হতে পারে স্থলভাগে প্রবেশের প্রক্রিয়া।
 - ২) সম্ভাব্য দুর্যোগের প্রেক্ষিতে জেলাগুলির প্রস্তুতি খতিয়ে দেখেছে রাজ্য সরকার। বাতিল হয়েছে বহু ট্রেন। আগামীকাল সন্ধ্যা ৬ টা থেকে শুক্রবার সকাল ৯ টা পর্যন্ত বন্ধ থাকবে বিমান ওঠানামা।
 - ৩) রেশন দুর্নীতি কান্ডে ইডি আজ রাজ্যের ১৪ টি জায়গায় তল্লাশি চালাচ্ছে।
 - ৪) আকাশবাণী কলকাতার বেতার ডকুমেন্টারি হুইসপার অফ আ ওয়েটলান্ডঃ আ ভিশন ফর টুমোরো এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন ২০২৪-এ পার্সপেক্টিভ অ্যাওয়ার্ড বিভাগে সেরার শিরোপা পেয়েছে।
 - ৫) জয়পুরে অনূর্ধ্ব ২৩ সি কে নাইডু ট্রফি ক্রিকেটে বাংলা ১০ উইকেটে রাজস্থানকে হারিয়ে দিয়েছে।
-

পূর্ব মধ্য বঙ্গোপসাগরে কেন্দ্রীভূত গভীর নিম্নচাপ, আজ ভোরে সামুদ্রিক ঘূর্ণিঝড় দানার রূপ নিয়েছে। আবহাওয়া দপ্তরের শেষ খবর অনুযায়ী এটি পারাদ্বীপ থেকে ৪৯০ কিলোমিটার দক্ষিণ-পূর্ব, ধামাড়া থেকে ৫২০ কিলোমিটার এবং সাগরদ্বীপ থেকে ৫৭০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ-পূর্বে অবস্থান করছে।

এই ঘূর্ণিঝড় আরও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে আগামীকাল সকালে, অতিপ্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড়ের রূপ নেবে। রাত সাড়ে ১১-টা থেকে শুক্রবার ভোর পাঁচটার মধ্যে পুরী ও সাগরদ্বীপের মাঝামাঝি দিয়ে এই ঘূর্ণিঝড়ের স্থলভাগে প্রবেশ করার সম্ভাবনা। সেই সময় ঝড়ের গতিবেগ ঘণ্টায় ১০০ থেকে ১২০ কিলোমিটার পর্যন্ত থাকতে পারে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। এর প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় শুরু হয়েছে বৃষ্টি। সঙ্গে বইছে ঝোড়ো হাওয়া। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন,

বাইট

কলকাতা ও হলদিয়া বন্দরে এক নম্বর বিপদ সংকেত এবং সাগরদ্বীপে ৩ নম্বর বিপদ সংকেত জারি করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপের লট নম্বর ৮ ও সাগরের কচুবেরিয়ার মধ্যে ভেসেল পরিষেবা বন্ধ করা হয়েছে। আগামীকাল ও শুক্রবার সুন্দরবনের সমস্ত ফেরি পরিষেবা বন্ধ থাকবে। বেহাল বাঁধগুলির ওপর নজর রাখছে প্রশাসন। সুন্দরবনের বিভিন্ন দ্বীপের বাসিন্দাদের নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে।

উত্তর ২৪ পরগনার বসিরহাটেও খোলা হয়েছে কন্ট্রোল রুম। চালু করা হয়েছে হেল্পলাইন নম্বর। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট পল্লব

রাজ্য সরকার আজ থেকে শনিবার পর্যন্ত দুর্যোগ প্রবণ ৭ টি ' জেলার সমস্ত স্কুল ও অঙ্গনওয়ারি কেন্দ্রে ছুটি ঘোষণা করেছে।

জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী এন ডি আর এফ ও ঘূর্ণিঝড় মোকাবিলায় সব রকমের প্রস্তুতি নিয়েছে। এন ডি আর এফ এর ১৩ টি দল কলকাতা সহ বিভিন্ন জেলায় মোতায়েন থাকবে বলে জানা গেছে।

ইস্ট কোস্ট রেল আজ থেকে পরবর্তী তিনদিনে ১৯৮টি ট্রেন বাতিল করেছে। পূর্ব রেলও সবরকমের সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছে। শিয়ালদা ডিভিশনে শহরতলির ১৬০-টি ট্রেন বাতিল করার সিদ্ধান্ত হয়েছে। আগামীকাল সন্ধ্যে ৭-টা থেকে শুক্রবার সকাল ১০-টা পর্যন্ত দক্ষিণ শাখায় ট্রেন চলাচল বাতিল করা হয়েছে বলে রেল সূত্রে জানা গেছে।

এদিকে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে আগামীকাল সন্ধ্যা ৬ টা থেকে শুক্রবার সকাল ৯ টা পর্যন্ত বিমান ওঠানামা বন্ধ থাকবে।

দুর্যোগ মোকাবিলায় সর্বোচ্চ স্তরের প্রস্তুতি রাখতে রাজ্যসরকার জেলাগুলিকে নির্দেশ দিয়েছে। ঘূর্ণিঝড়ে সম্ভাব্য প্রভাব পড়তে পারে এমন ৯ জেলার জেলাশাসককে নিয়ে আজ বিকালে জরুরি বৈঠকে বসেন মুখ্যসচিব মনোজ পন্থ। সেখানে তিনি ঘূর্ণিঝড়ের মোকাবিলার সবরকম প্রস্তুতি খতিয়ে দেখেন। উপকূলবর্তী এলাকায় মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়ে যাওয়ার উপর জোর দেওয়া হয়েছে। আগাম সতর্কতা হিসাবে এপর্যন্ত ৪০ হাজার মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে বলে রিপোর্ট দেওয়া হয়েছে। গাছ পড়লে যাতে তাড়াতাড়ি সেগুলি কেটে সরিয়ে ফেলা যায় তা দেখতে বলা হয়েছে। জেলার কন্ট্রোল রুম যাতে সব সময় কাজ করে তা

সুনিশ্চিত করতে সংশ্লিষ্ট জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। দুর্গাপুজোর যে সব মণ্ডপ এখনও খুলে ফেলা হয়নি তা যুদ্ধকালীন তৎপরতায় খুলতে বলা হয়েছে।

সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় যাবতীয় প্রস্তুতি দিয়েছে কলকাতা পুরসভা। রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম আজ বলেছেন পুরসভার বিপর্যয় মোকাবেলা কর্মীদের প্রস্তুত রাখা হয়েছে। কলকাতা পুরসভা পরিস্থিতি উপর সর্বদা নজর রাখছে। পুরসভার কন্ট্রোল রুম ২৪ ঘন্টা খোলা রাখা হয়েছে। ঝড় বৃষ্টির তাড়বে গাছ পড়ে গেলে দ্রুত কেটে সরিয়ে ফেলা হবে। শহরে জরাজীর্ণ বাড়ির বাসিন্দাদেরও সতর্ক করা হয়েছে।

রাজ্য সরকার ঘূর্ণিঝড় দানায় ক্ষতিগ্রস্ত কৃষকদের বাংলা শস্য বীমা প্রকল্পে ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কৃষি মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় আজ নবান্নে সাংবাদিকদের বলেন এই প্রকল্পে এখনো পর্যন্ত ৫৪ লক্ষ কৃষক নাম নথিভুক্ত করেছেন। আগামী ৩১ তারিখ পর্যন্ত ব্লক স্তরে এই নথিভুক্তকরণের কাজ চলবে।

ঘূর্ণিঝড়ের আশঙ্কার প্রেক্ষিতে প্রদেশ কংগ্রেস রাজ্যে আসন্ন ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা বাড়ানোর দাবি জানিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার আজ এই মর্মে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন বলে খবর।

বামফ্রন্ট হাড়েয়া বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রার্থীর নাম ঘোষণা করেছে। ওই কেন্দ্রের বামফ্রন্ট মনোনীত ISF প্রার্থী হচ্ছেন পিয়ারুল ইসলাম। উল্লেখ্য, ছটি আসনের মধ্যে নৈহাটি কেন্দ্রে সিপিআই (M- L) লিবারেশন এর প্রার্থী দেবজ্যোতি মজুমদার কে প্রার্থী করা হয়েছে।

রেশন দুর্নীতি কান্ডে ইডি আজ রাজ্যের ১৪' টি জায়গায় তল্লাশী চালাচ্ছে। কলকাতা, উত্তর ২৪ পরগনা, হাওড়া এবং নদীয়াতে একযোগে এই তল্লাশী চলছে বলে খবর।

কলকাতার বাঙ্গুর এ্যাভিনিউতে ব্যবসায়ী মহেন্দ্র আগরওয়ালের বাড়িতে ইডি তল্লাশী চালাচ্ছে। আগরওয়ালের ৯০ টি কোম্পানীর হদিস মিলেছে বলে খবর। এই কোম্পানী গুলির মাধ্যমে কালো টাকা সাদা করা হতো বলে অভিযোগ। শিক্ষক নিয়োগ দুর্নীতিকান্ডেও মার্চ মাসে, এই ব্যবসায়ীর বাড়িতেই তল্লাশী চলে।

এছাড়া, হাওড়ার উলুবেড়িয়া, পাঁচলা এবং জগতবল্লভপুরের বিভিন্ন এলাকায় গেছে তদন্তকারী দল। একাধিক রেশন ডিলারের গোডাউনে তল্লাশী চলছে। উত্তর ২৪ পরগণার গাইঘাটা এবং তালতলার চিকনপাড়া এলাকায় রেশন ডিলার ও এক ডিস্ট্রিবিউটারের গোডাউন, সারের দোকান এবং বাড়িতে তল্লাশী চালাচ্ছেন আধিকারিকরা। নদীয়ার শান্তিপুুরের হবিবপুর মাঝেরপাড়া এলাকাতেও রেশন ডিলার রাজেন্দ্র প্রামানিকের রেশনের দোকান ও গোডাউনে তল্লাশী চলে।

দুর্নীতির তদন্তে সিবিআই আজ ফের আর জি কর হাসপাতালে গেছে। সেখানে বিভিন্ন বিভাগের প্রধানদের জিজ্ঞাসাবাদ চলছে। ধৃত চিকিৎসক আশিস পাণ্ডেকে নিয়েও খোঁজ খবর চালাচ্ছে সিবিআই।

উপনির্বাচনের কারণে কয়েকটি এলাকা বাদ রেখেই রাজ্যে আবাস যোজনার সমীক্ষার কাজ শুরু হয়েছে। সোমবার থেকে শুরু হওয়া এই সমীক্ষায় এপর্যন্ত ২ লক্ষের বেশি উপভোক্তাদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। প্রথম দুদিনেই ৪০ হাজারের বেশি প্রাপকদের নাম বাদ পড়েছে বলে পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার জানিয়েছেন। তিনি জানান কেন্দ্র টাকা না-দেওয়ায় মুখ্যমন্ত্রী রাজ্যের প্রান্তিক মানুষের জন্য পাকা ছাদ নিশ্চিত করার উদ্যোগ নিয়েছেন।

আকাশবাণী কলকাতার প্রযোজনা আধিকারিক শুভায়ণ বাল্লা প্রযোজিত বেতার ডকুমেন্টারি " হুইস্পার অফ এ ওয়েটল্যান্ড: এ ভিশন ফর টুমরো" , মর্যাদাপূর্ণ আবু এশিয়া -প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন ২০২৪ এ পারস্পেকটিভ অ্যাওয়ার্ড বিভাগে সেরার শিরোপা জিতেছে। এই ডকুমেন্টারির মূল বিষয়বস্তু পূর্ব কলকাতা জলাভূমির পরিবেশগত গুরুত্ব এবং নগরোন্নয়নে এর ভূমিকা ।

এই বছরের পারস্পেকটিভ থিম ছিল "ভবিষ্যত", যা; উদ্ভাবন থেকে বিজ্ঞান, প্রযুক্তি, বা ব্যক্তিগত প্রচেষ্টা এবং আগামীর সম্ভাবনা নিয়ে ভবিষ্যত আলোচনাকে উদ্বুদ্ধ করে।

বিশ্বের ৩৪২ টিরও বেশি এন্টি থেকে এটি বেছে নেওয়া হয়। আকাশবানী সংবাদকে
শুভায়ন জানিয়েছেন,

(বাইট-শুভায়ন)

কলকাতার জোকা-বিবাদীবাগ মেট্রো প্রকল্পের জট কাটল। বিচারপতি পি কে মিশ্র
এবং বিচারপতি কে ভি বিশ্বনাথনের সুপ্রিম কোর্টের বেঞ্চ, এই মেট্রো সম্প্রসারণের
ছাড়পত্র দিয়েছে। যদিও বলা হয়েছে, কেন্দ্রের পরিবেশ মন্ত্রকের অনুমোদন ছাড়া মেট্রো
রেলের কাজের জন্য নতুন করে গাছ কাটা যাবে না। জোকা-বিবাদী বাগ মেট্রো প্রকল্পের
জন্য ময়দান এলাকায় কয়েকশো গাছ কাটা হয়েছে, এই অভিযোগ তুলে, কলকাতা
হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করে একটি সংস্থা। কিন্তু হাইকোর্ট মেট্রোর কাজে
হস্তক্ষেপ করেনি। এরপরই মামলাকারী সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন।

জয়পুরে অনূর্ধ্ব ২৩ সি কে নাইডু ট্রফি ক্রিকেটে চারদিনের ম্যাচের আজ শেষ
দিনে বাংলা ১০ উইকেটে রাজস্থানকে হারিয়ে দিয়েছে। এই ম্যাচে বাংলা ১৩ পয়েন্ট
পেয়েছে। দুই ম্যাচে বাংলার পয়েন্ট ১৭। খেলার সংক্ষিপ্ত স্কোর - রাজস্থান ২৭৬ ও
১১০, বাংলা - ৩৫২ ও বিনা উইকেটে ৩৮ রান।
